# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 07-03-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, সাঁওতালভাষী জন সাধারণের আন্দোলনের ফলে ২০০৩ সালে অষ্টম সংশোধনীর মধ্য দিয়ে এই ভাষা সংবিধানের স্বীকৃতি লাভ করেছে। তিনি আজ শিলিগুড়িতে নবম আন্তর্জাতিক সাঁওতাল সম্মেলনে ভাষণ দেন।

২) বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আগামীকাল রাজ্যে আসছেন।

৩) বিজেপি-র পরিবর্তন যাত্রায় অংশ নিতে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ রাজ্যে আসছেন।

৪) রাজ্য সরকার আজ থেকেই বাংলার যুবসাথী প্রকল্পে আবেদনকারীদের ভাতা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

৫) সারা রাজ্যে বৃষ্টির অনুকূল পরিস্থিতি সৃষ্টি হয়েছে বলে জানিয়েছেন আবহাওয়া দফতর।

oooooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেন, সাঁওতালভাষী জন সাধারণের আন্দোলনের ফলে, এই ভাষাকে ২০০৩ সালে ৯২ তম সংবিধান সংশোধনীর মধ্য দিয়ে, অষ্টম তপশিলে অন্তর্ভুক্ত করা হয়েছে। কেন্দ্রীয় সরকার সাঁওতালি ভাষায় উচ্চ শিক্ষার জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে বলেও রাষ্ট্রপতি জানান। বিদেশেও উচ্চ শিক্ষার জন্য কেন্দ্রীয় সরকার জনজাতি গোষ্ঠীর ছাত্রছাত্রীদের সহায়তা করছে। সম্প্রতি অলচিকি হরফের শতবার্ষিকী উদযাপিত হয়েছে। তবে অলচিকির পাশাপাশি অন্যান্য ভাষা শেখার ওপরেও তিনি গুরুত্ব দেন।

(বাইট – রাষ্ট্রপতি)

দেশের স্বাধীনতা আন্দোলনে জনজাতি গোষ্ঠীর অবদান কম ছিল না। ১৫ ই নভেম্বর ভগবান বিরসা মুন্ডার জন্মদিনটিকে তাই জনজাতী গৌরব দিবস হিসাবে পালন করা হয়।

আজ শিলিগুড়িতে নবম আন্তর্জাতিক সাঁওতাল সম্মেলনে যোগ দিয়েছেন। বিধাননগরের গোঁসাইপুর সংলগ্ন এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার ময়দানে আন্তর্জাতিক সাঁওতাল পরিষদ আয়োজিত ঐ সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় আদাবিসী উন্নয়ন প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকি। রাষ্ট্রপতি শাল গাছের চারাও রোপণ করে দেশকে বিশ্ব উষ্ণায়ন থেকে বাঁচানোর বার্তা দেন। অনুষ্ঠানে আদিবাসী সমাজের আর্থ সামাজিক ও বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা হয়।

রাষ্ট্রপতির এই সফরকে কেন্দ্র করে শিলিগুড়ি ও সংলগ্ন বিধাননগর এলাকায় নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা হয়েছে।

oooooooooooooooooooooo

বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আগামী কাল রাজ্যে আসছেন। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে পূর্ণাঙ্গ বেঞ্চ ঐদিন রাতে কলকাতা বিমানবন্দরে পৌঁছবেন। সোমবার ৯ তারিখে তারা রাজ্যের স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকে বসবে। রাজারহাটে ওই বৈঠকে BJP, BSP, CPI(M), কংগ্রেস, আম আদমি পার্টি ও NPP (ন্যাশানাল পিপিলস পার্টি) সহ জাতীয় স্তরে স্বীকৃত ৬টি এবং তৃণমূল কংগ্রেস ও ফরোয়ার্ড ব্লক রাজ্যস্তরে স্বীকৃত এই দুটি দলের প্রতিনিধিদের বৈঠকে যোগদানের জন্য আমন্ত্রণ পাঠানো হয়েছে। ঐদিন সকাল ১০ টা থেকে ১২ টা পর্যন্ত প্রতিটি রাজনৈতিক দলের জন্য ১৫ মিনিট করে সময় বরাদ্দ করা হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক দপ্তর সুত্রে জানা গেছে।

কমিশনের প্রতিনিধিরা আইন বলবৎকারী সংস্থাগুলি নোডাল অফিসরাদের সঙ্গে বৈঠক করার পাশাপাশি আইনশৃঙ্খলা পরিস্থিতি, কেন্দ্রীয় বাহিনী মোতায়েন, সংকটপ্রবণ বুথ চিহ্নিত করা সহ বিভিন্ন বিষয়ে কথা বলবেন, IG, DIG, পুলিশ কমিশনার, পুলিশ সুপার ও জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে।

মঙ্গলবার ১০'ই মার্চ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। ওইদিনই ব্লক লেভেল আধিকারিকদের সঙ্গেও তাঁদের মতবিনিময় করার কথা।

এদিকে, আগামীকালই দিল্লি থেকে কলকাতায় পৌছবেন সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল'ও। ওই দলে থাকছেন প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, ডিরেক্টর মনোজ সী ও ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল। এই দলটি ভোটের প্রস্তুতি এবং নির্বাচন কমিশনের কর্মসূচি নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সঙ্গে সমন্বয় সাধন করবে।

oooooooooooooooooooooo

এসআইআর প্রক্রিয়ায় বৈধ ভোটারদের নাম বাদ দেওয়ার অভিযোগে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ধর্মতলায় প্রতিবাদ ধর্নায় বসেছেন। ডোরিনা ক্রসিং-এর কাছাকাছি থেকে এসপ্লানেড মেট্রোর ২ নম্বর গেট পর্যন্ত বাধা হয়েছে মঞ্চ। এলাকায় বেশ কিছু রাস্তা বন্ধ করে যান চলাচল ও নিয়ন্ত্রণ করা হচ্ছে। কয়েকদিন আগে এক সাংবাদিক সম্মেলনে দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় এই ধর্নার কর্মসূচির কথা ঘোষণা করেন।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির এই কর্মসূচিকে কটাক্ষ করেছেন বিজেপি। দলের রাজ্য মুখপাত্র দেবজিত সরকার বলেছেন, এটা মানুষের ধর্না নয়, তৃনমূল কংগ্রেসে অ্যাজেন্ডার পক্ষে ধর্না। তৃনমূল কংগ্রেস নেত্রী বুঝতে পারছেন, মানুষ তাদের পক্ষে নেই।

oooooooooooooooooooooo

বিজেপির পরিবর্তন যাত্রায় অংশ নিতে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ রাজ্যে আসছেন। দুপুরে কলকাতা বিমানবন্দরে পৌঁছে তিনি নিউটাউনের একটি বেসরকারি হোটেলে হয়ে হুগলির শ্রীরামপুরে যাবেন তিনি। সেখানে বেলা তিনটে নাগাদ পরিবর্তন যাত্রার সূচনা করে জনসভায় বক্তব্য রাখবেন তিনি।

মুর্শিদাবাদের লালবাগ মতিঝিল মোড় থেকে আজ তৃতীয় দিনের বিজেপির পরিবর্তন যাত্রা শুরু হয়েছে। শোভাযাত্রার নেতৃত্ব দিচ্ছেন বিজেপির রানাঘাটের সাংসদ জগন্নাথ সরকার, রায়গঞ্জের প্রাক্তন সাংসদ দেবশ্রী চৌধুরী ও মুর্শিদাবাদের বিজেপি বিধায়ক গৌরীশঙ্কর ঘোষ। শোভাযাত্রাটি আজ লালবাগ থেকে জিয়াগঞ্জ হয়ে, রানীনগর, জলঙ্গী, ডোমকল ও করিমপুর বিধানসভার বিভিন্ন এলাকার মোট ১০৫ কিলোমিটার পথপরিক্রমা করছে। বিভিন্ন বিধানসভার জনবহুল এলাকায় পথসভায় সাধারণ মানুষের উদ্দেশ্যে বক্তব্য রাখছেন সাংসদ বিধায়কেরা।

অন্যদিকে, বিজেপির পরিবর্তন যাত্রা বীরভূম থেকে আজ পূর্ব বর্ধমানে আসছে। আউশগ্রাম, গুসকরা হয়ে মঙ্গলকোটের কাশেম নগরে যাওয়ার কথা। সেখানে সভায় যোগ দেবেন রাজ্য বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। পুরুলিয়ায় বিজেপির পরিবর্তন যাত্রায় যোগ দেবেন প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। বোঙ্গাবাড়ি থেকে জয়পুর, ঝালদা, বাগমুন্ডি, রসুন্ডি হয়ে তা বলরামপুরে পৌঁছবে।

oooooooooooooooooooooo

বিজেপি যুব মোর্চার ব্যারাকপুর শাখা খড়দহ থানার সামনে থেকে বাইক মিছিল শুরু করলে বিটি রোডের ওপর তাদের আটকে দেয় পুলিশ। রাস্তায় বসে পড়ে বিক্ষোভ দেখায় বিজেপি যুব মোর্চার সাংগঠনিক জেলার সভাপতি বিশাল জেসওয়াল সহ বিজেপি কর্মী সমর্থকরা। বিক্ষোভের জেরে তিরিশ মিনিট বিটি রোড অবরোধ হয়। পুলিশের সঙ্গে বিজেপি কর্মী সমর্থকদের হাতাহাতি হয় বলেও অভিযোগ।

oooooooooooooooooooooo

বিজেপি পশ্চিমবঙ্গকে কোনভাবেই পশ্চিম বাংলাদেশ হতে দেবে না। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের জাতীয় কার্যনির্বাহী সমিতির সদস্য মিঠুন চক্রবর্তী জানিয়েছেন, মুখ্যমন্ত্রী অভারতীয়দের ভোটার তালিকায় রাখার জন্য এসআইআরের বিরোধিতা করছেন। তবে মুখ্যমন্ত্রী যেভাবে পশ্চিম বাংলাদেশ গড়ে তোলার জন্য লড়াই করছেন, বিজেপিও একইভাবে তার বিরুদ্ধে লড়াই চালিয়ে যাবে।

oooooooooooooooooooooo

রাজ্য সরকার আজ থেকেই বাংলার যুব সাথী প্রকল্পে আবেদনকারীদের ভাতা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এস আই আর এর প্রতিবাদে কলকাতায় ধর্মতলা মেট্রো চ্যানেলে ধরনা অবস্থানের দ্বিতীয় দিনে তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ মঞ্চ থেকে জানান এই প্রকল্পে আজ থেকেই আবেদনকারীদের ব্যাংক অ্যাকাউন্টে টাকা দেওয়ার কাজ শুরু হবে। উল্লেখ্য, এর আগে আগামী পয়লা এপ্রিল থেকে এই প্রকল্পে পাঁচ বছর পর্যন্ত মাসে দেড় হাজার টাকা করে ভাতা দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন। গত ২৬ তারিখ পর্যন্ত রাজ্য জুড়ে এই সংক্রান্ত আবেদন জমা নেওয়া হয়। অন্যদিকে, আজ ধর্না মঞ্চে রান্নার গ্যাসের মূল্য বৃদ্ধি নিয়ে আজ সরব হন মুখ্যমন্ত্রী। এর প্রতিবাদে আগামীকাল তিনি রাস্তায় নামবেন বলে জানিয়েছেন। প্রসঙ্গত, গৃহস্থ কাজে ব্যবহৃত ১৪.২ কেজি ওজনের গ্যাসের দাম ৮৭৯ টাকা থেকে বেড়ে ৯৩৯ টাকা হয়েছে।

মুখ্যমন্ত্রী ধর্না মঞ্চ থেকে আরো অভিযোগ করেন, কেন্দ্র সরকার নির্বাচনের পরে বাংলা ভাগের চক্রান্ত করছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

শিলিগুড়ি করিডোরের কাছে বিহার ও পশ্চিমবঙ্গকে কেন্দ্র করে নতুন কেন্দ্রশাসিত অঞ্চল তৈরির দাবি সম্বলিত সামাজিক মাধ্যমের পোস্টগুলি সরকার অস্বীকার করেছে। প্রেস ইনফরমেশন ব্যুরোর ফ্যাক্ট চেক ইউনিট এই দাবিগুলিকে ভুয়া বলে অভিহিত করে জানিয়েছে সরকারের তরফে এই ধরণের কোনও প্রস্তাব বিবেচনাধীন নেই, পাশাপাশি নাগরিকদের তথ্যের জন্য সবসময় সরকারী উৎসের উপর নির্ভর করার এবং শেয়ার করার আগে তা যাচাই করার আহ্বান জানিয়েছে তারা।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারের সত্যেন্দ্রনাথ টেগোর সিভিল সার্ভিসেস স্টাডি সেন্টার থেকে ইউপিএসসি পরীক্ষায় সফল হলেন ১১ জন প্রার্থী। তাঁদের মধ্যে দুজন আইএএস, চারজন আইপিএস এবং বাকিরা আইআরএস অফিসারের চাকরির জন্য মনোনীত হয়েছেন। তবে, একজন প্রার্থী তাঁর অল ইন্ডিয়া র‍্যাঙ্কিংয়ের ভিত্তিতে আইএএস এবং আইপিএস যেকোনো একটি সার্ভিসে যেতে পারেন বলে প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে। লিখিত পরীক্ষায় সফল হওয়ার পর মোট ২৮ জন প্রার্থী এই প্রতিষ্ঠান থেকে পার্সোনালিটি টেস্ট বা ইন্টারভিউয়ে ডাক পেয়েছিলেন। তাঁদের মধ্যে ১১ জন তাতে সফল হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম এশিয়ায় সংঘাতদীর্ণ পরিস্থিতির মধ্যে রাষ্ট্রায়ত্ত্ব তেল সংস্থাগুলি রান্নার গ্যাসের দাম বাড়ানোর কথা ঘোষণা করেছে। বাড়িতে ব্যবহারের জন্য ১৪ কেজি ২০০ গ্রাম ওজনের রান্নার গ্যাসের সিলিন্ডার পিছু দাম বেড়েছে ৬০ টাকা।

অন্যদিকে, হোটেল রেস্তোঁরায় ব্যবহৃত ১৯ কেজির বাণিজ্যিক গ্যাস সিলিন্ডারের দামও ১১৪ টাকা ৫০ পয়সা করে বাড়ানো হয়েছে।

এই বৃদ্ধির ফলে কলকাতায় বাড়িতে ব্যবহার্য এলপিজি সিলিন্ডারের দাম দাঁড়াচ্ছে ৯৩৯ টাকা। অন্যদিকে বাণিজ্যিক সিলিন্ডারের দাম হয়েছে এক হাজার ৯৯০ টাকা।

কেন্দ্র অবশ্য আশ্বস্ত করেছে, দেশে তেল ও গ্যাসের কোনো ঘাটতি নেই এবং তা নিয়ে আতঙ্কিক হওয়ার কারণ নেই। সরকারের পক্ষ থেকে স্পষ্ট জানানো হয়েছে, দেশে জ্বালানীর পর্যাপ্ত মজুত রয়েছে এবং সরবরাহ ও বিতরণ ব্যবস্থা স্বাভাবিকভাবেই চলেছে।

oooooooooooooooooo

ওড়িশার উপর অবস্থিত একটি ঘূর্ণাবর্ত এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করার কারণে সারা রাজ্যেই বৃষ্টির অনুকূল পরিবেশ তৈরি হয়েছে। দক্ষিণবঙ্গের বাকি জেলাগুলিতে আকাশ আজ থেকে মেঘলা থাকবে। আগামী সোম ও মঙ্গলবার দক্ষিণবঙ্গের জেলাগুলিতে হালকা থেকে মাঝারি কোথাও কোথাও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা থাকছে। আগামীকালের মধ্যে দক্ষিণবঙ্গের উপকূলীয় জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা থাকছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

(বাইট – সৌরিশ)

oooooooooooooooooooooo

oooooooooooooooooo